



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৯.১৮-২৫২৭/৭


তারিখ: ১৬/০৩/১৪২৬ বঙ্গাব্দ:
৩০/০৬/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : অধ্যক্ষের দায়িত্ব পালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার ওয়ালীনেওয়াজ খান কলেজের অধ্যক্ষ ৩০/০৬/২০১৮খ্রি. তারিখে তার বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় উপাধ্যক্ষের কাছে অধ্যক্ষের দায়িত্বভার অর্পণ করে অবসরে যান। উপাধ্যক্ষ দায়িত্ব নেয়ার পর ৩১/১২/২০১৮খ্রি. তারিখে তিনিও অবসর গ্রহণ করেন। পরিচালনা পরিষদ জনাব নিলুফার ইয়াসমিনকে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন। কলেজের সহকারী অধ্যাপক জনাব মো. মিজানুর রহমান অভিযোগ করেন যে, তিনি কলেজের সবচেয়ে জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পাওয়ার দাবিদার।

অধ্যক্ষ/উপাধ্যক্ষের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় দু'টি পরিপত্র জারি করে। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, তারিখ-০৬/০৬/২০১১খ্রি. এর পরিপত্র মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো ২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তর কর্তৃক স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১, তারিখ-১৩/০৫/২০১৯খ্রি. মোতাবেক গণবিজ্ঞপ্তি জারি করা হয়।

এমতাবস্থায়, জনবল কাঠামো ২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জ্যেষ্ঠতম শিক্ষককে দায়িত্ব হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(ক), (খ) ও (চ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারের নির্দেশনা প্রতিপালন না করার দায়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।


(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং- ৯৫৫৬০৫৭
ই-মেইল: ncollege@dshe.gov.bd



সভাপতি

ওয়ালীনেওয়াজ খান কলেজ, কিশোরগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৩. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ওয়ালীনেওয়াজ খান কলেজ, কিশোরগঞ্জ।
৪. ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, কিশোর শাখা, কিশোরগঞ্জ (জ্যেষ্ঠতা নিশ্চিত করে বেতন ভাতা প্রদান করার অনুরোধসহ)।
৫. জনাব মো. মিজানুর রহমান, সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান), ওয়ালীনেওয়াজ খান কলেজ, কিশোরগঞ্জ।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কিশোরগঞ্জ।
৭. সংরক্ষণ নথি।